

আর্থিক সাক্ষরতা দিবস ২০২৬ উদযাপন

তারিখ: ০২ মার্চ ২০২৬

আয়োজক প্রতিষ্ঠান: National Housing Finance PLC

বাংলাদেশ ব্যাংক নির্ধারিত এবারের প্রতিপাদ্য ছিল: “আর্থিক সাক্ষরতায় সূচিত হোক নিরাপদ ক্যাশলেস লেনদেন”।

উক্ত প্রতিপাদ্যকে সামনে রেখে আমাদের প্রতিষ্ঠান নিরাপদ ডিজিটাল আর্থিক লেনদেন, ক্যাশলেস পেমেন্ট ব্যবস্থার ব্যবহার এবং ডিজিটাল আর্থিক প্রতারণা প্রতিরোধ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে।

মূল কার্যক্রমসমূহ:

১. সামাজিক যোগাযোগমাধ্যমে সচেতনতামূলক প্রচার:

প্রতিষ্ঠানের অফিসিয়াল ফেসবুক পেইজ ও ওয়েবসাইটে নিরাপদ ক্যাশলেস লেনদেন, ডিজিটাল পেমেন্ট ব্যবহারের সুবিধা এবং সতর্কতামূলক বার্তা সম্বলিত বিভিন্ন পোস্ট, ইনফোগ্রাফিক্স ও সচেতনতামূলক কনটেন্ট প্রকাশ করা হয়।

২. নিরাপদ ডিজিটাল লেনদেন সংক্রান্ত সচেতনতা বার্তা প্রচার:


ডিজিটাল লেনদেনে নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নলিখিত বিষয়সমূহের উপর সচেতনতামূলক বার্তা প্রচার করা হয়:

- OTP বা ব্যক্তিগত তথ্য কারও সাথে শেয়ার না করা।
- অপরিচিত লিংক বা সন্দেহজনক বার্তা থেকে সতর্ক থাকা।
- শুধুমাত্র অফিসিয়াল অ্যাপ বা নিরাপদ প্ল্যাটফর্ম ব্যবহার করা।
- ডিজিটাল লেনদেনে সচেতন ও দায়িত্বশীল আচরণ করা।

উক্ত কার্যক্রমের মাধ্যমে আমাদের প্রতিষ্ঠান সাধারণ জনগণের মাঝে নিরাপদ ডিজিটাল আর্থিক লেনদেন ও আর্থিক সচেতনতার গুরুত্ব তুলে ধরেছে। আমরা বিশ্বাস করি, এ ধরনের উদ্যোগ ডিজিটাল আর্থিক সেবার নিরাপদ ব্যবহার নিশ্চিত করতে এবং আর্থিক সাক্ষরতা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে।

এই প্রতিবেদনের সাথে সংযুক্ত ছবিতে আমাদের কার্যক্রমের কিছু নমুনা উপস্থাপন করা হল।





নিরাপদ ক্যাশলেস লেনদেনের নিয়ম

- ✓ শুধুমাত্র অফিসিয়াল অ্যাপ বা ওয়েবসাইটে ব্যবহার করুন
- ✓ OTP এবং PIN গোপন রাখুন
- ✓ অপরিচিত লিংক, কল বা মেসেজ এড়িয়ে চলুন
- ✓ পাবলিক Wi-Fi ব্যবহার করে লেনদেন এড়িয়ে চলুন
- ✓ লেনদেন নিয়মিত যাচাই করুন

STAY ALERT & STAY SECURE

Financial Literacy Day 2026 NATIONAL HOUSING FINANCE PLC

OTP আপনার নিরাপত্তার চাবিকাঠি

- ✗ কোনো অবস্থাতেই OTP কার্ডা সাথে শেয়ার করা যাবে না
- ⚠ ফোনে বা মেসেজে কেউ OTP জানতে চাইলে সতর্ক থাকুন
- 🧠 ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কখনোই আপনার OTP জানতে চাইবে না

KEEP IT SECRET & STAY SAFE

Financial Literacy Day 2026 NATIONAL HOUSING FINANCE PLC



স্মার্ট তরুণ

দায়িত্বশীল নিরাপদ ক্যাশলেস লেনদেন

- 📱 অনলাইন কেনাকাটা এবং গেমিং পেমেন্টের আগে প্রাটফর্ম বিজ্ঞতা যাচাই করুন
- 📱 অপ্রয়োজনীয় আরবিক্স-সংশন ও ইন-অ্যাপ সবার্ভজ এড়িয়ে চলুন
- 📱 সোশ্যাল মিডিয়ায় প্রচারিত "সহজ আয়ের অফার" থেকে সতর্ক থাকুন

SMART YOUTH, SMART TRANSACTION

Financial Literacy Day 2026 NATIONAL HOUSING FINANCE PLC